দৈনিক ইনকিলাব

তারিখ ... 26 JAN 1990 ... পৃষ্ঠা ... 6 ... কলাম ... 2 ...

# পাঠ্য পুস্তক সংকট প্রসঙ্গে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ডের বক্তব্য

'দৈনিক ইনকিলাব'-এর ২৫ জানুয়ারী ১৯৯০ তারিখে প্রকাশিত 'পাঠ্য পুস্তক সংকট' শীর্ষক সম্পাদকীয় সম্পর্কে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড এক সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করেছে যে, নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তরের সব বই শিক্ষার্থীদের হাতে সময় মত না পৌছানোর ব্যাপারে 'দৈনিক ইনকিলাব' যে উদ্বেগ প্রকাশ করেছে সে ব্যাপারে বোর্ডও সমানভাবে উদ্বিগ্ন। সরকারের সঙ্গে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সম্পাদিত চুক্তি অনুযায়ী নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তরের সমুদয় পাঠ্য পুস্তক সময় মত মুদ্রণ, বিতরণ ও বাজারজাতকরণের জন্য বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি অঙ্গীকারাবদ্ধ। প্রতি বছরের ন্যায় ১৯৯০ শিক্ষা বর্ষের নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তরের পাঠ্য বই মুদ্রণ, বিতরণ ও বাজারজাতকরণের জন্য বিগত ২৬-৬-৮৯ তারিখ পুস্তক প্রকাশক সমিতির সঙ্গে বোর্ডের যে চুক্তি সম্পাদিত হয় সে অনুযায়ী ১৯৮৯ সালের ৩১ ডিসেম্বরের মধ্যে সমুদয় পাঠ্য বই বাজারজাতকরণের কথা। যথাসময়ে পাঠ্য পুস্তক প্রকাশের লক্ষ্যে বোর্ড বেশ আগে ১৯৮৯ সনের ২৭ জুন তারিখে সমিতির কাছে প্রায় সব বইয়ের মুদ্রিতব্য কপি আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করে। কপি হস্তান্তরের পর থেকে প্রায় প্রতি সপ্তাহে সমিতির সঙ্গে বোর্ড কর্তৃপক্ষের পাঠ্য পুস্তক মুদ্রণ, বিতরণ ও বাজারজাতকরণের অগ্রগতি ও বাস্তব পরিস্থিতি নিয়ে বৈঠক অনুষ্ঠিত হয়। তাছাড়া বোর্ড ইতিমধ্যে বেশ কয়েকবার সমিতিকে লিখিতভাবে দ্রুত পাঠ্য পুস্তকগুলো বাজারজাতকরণের জন্য অনুরোধও জানিয়েছে। সুতরাং, পাঠ্য পুস্তকগুলো দ্রুত বাজারজাতকরণের ব্যাপারে বোর্ড এ পর্যন্ত আপ্রাণ প্রচেষ্টা চালিয়ে আসছে।

উল্লেখ্য যে, বোর্ড কর্তৃপক্ষের সঙ্গে সমিতির বৈঠকের কর্মকর্তাদের সঙ্গে দ্রুত — পুস্তক বাজারজাতকরণের ব্যাপারে বৈঠকের ফলশ্রুতিতে ১ম দফায় বিগত ১৬-১-৯০ ও ২য় দফায় ২১-১-৯০ তারিখে মাধ্যমিক স্তরের ১১টি বই বাজারজাতকরণ করা হয়। এর পরও বাকী বইগুলো দ্রুত শিক্ষার্থীদের হাতে পৌছানোর জন্য সমিতির সঙ্গে বোর্ড কর্তৃপক্ষের যে সাম্প্রতিক বৈঠক অনুষ্ঠিত হয় তাতে সমিতি জানায় যে, প্রায় সবগুলো বই আগামী ২৯-১-৯০ তারিখে বাজারজাতকরণ করা হবে। সমিতি উল্লেখিত বই বাজারজাতকরণে বিলম্বের কারণ হিসেবে খুলনা নিউজপ্রিন্ট কারখানা থেকে বুক প্রিন্ট কাগজ ও কর্ণফুলী কাগজ কল থেকে কভার পেপার সময়মত সরবরাহ না পাওয়ার কথা ও প্রেস কর্মচারীদের ধর্মঘটের কারণের কথা জানায়। সমিতির কাছে যাতে যথাসময়ে কাগজ সরবরাহ করা হয় সে ব্যাপারে বোর্ডও পদক্ষেপ গ্রহণ করেছে। বোর্ড এ ব্যাপারে কর্ণফুলী কল ও খুলনা নিউজ প্রিন্ট কারখানাকে লিখিতভাবে চিঠি ও টেলেক্স করে সময় মত কাগজ সরবরাহের জন্য অনুরোধ জানিয়েছে। উল্লেখ করা প্রয়োজন যে, প্রাথমিক স্তরের সমুদয় পাঠ্যপুস্তক যথাসময়ে প্রকাশিত হয়েছে এবং মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নিকট তা সরবরাহ করা হয়েছে।